

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২২

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (کتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَنْ يَشْبَعَ الْمُؤْمِنُ مِنْ خَيْرٍ يَسْمَعُهُ حَتَّى يَكُونَ مُنْتَهَاهُ الْجنَّة» . رَوَاهُ التِّرْمِذِيِّ

বাংলা

২২২-[২৫] আবৃ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মু'মিন ব্যক্তি কল্যাণকর কাজে অর্থাৎ- জ্ঞানার্জনে পরিতৃপ্ত হতে পারে না, যে পর্যন্ত না পরিণামে সে জান্নাতে পৌঁছে যায়। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিয়ী ২৬৮৬, য'ঈফুল জামি' ৪৭৮৩।

ইমাম তিরমিয়া কিতাবুল 'ইলম-এর মধ্যে হাদীসটিকে হাসান গরীব বলেছেন। আলবানী (রহঃ) বলেনঃ এর সানাদে আবুল হায়সাম থেকে দার্রাজ-এর বর্ণনা রয়েছে যিনি (দার্রাজ) একজন দুর্বল রাবী। বিশেষতঃ আবুল হায়সাম থেকে বর্ণনাকালে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: খায়রী সা'ঈদ বর্ণিত হাদীসটিকে দুর্বল বলেছেন- সুতরাং এ রকম হাদীস বর্ণনা করা উচিত নয়। আর মাতানের দিক দিয়েও হাদীসটি সঠিক নয়। কারণ একজন মানুষ কি জান্নাতী হওয়ার জন্য নিশ্চিত হতে পারে? কাজেই জান্নাতে না পোঁছা পর্যন্ত সে কিভাবে জ্ঞান অর্জনে পরিতৃপ্ত হতে পারে না। মৃত্যুর সময় থেকেই তার সব 'আমল বন্ধ হয়ে যাবে।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন